



ঃ নৌকাঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ঃ

স্থানীয় সরকার বিভাগের ১৯/০৪/২০০৩ ইং তারিখের প্রজ্ঞাই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নম্বর স্মারকে প্রণীত/ জারীকৃত নীতিমালার আলোকে সরাইল উপজেলাধীন নিম্নোক্ত নৌকাঘাটসমূহ ১৪৩১ বাংলা সনের ১(পহেলা) বৈশাখ হতে ৩০ (ত্রিশ) চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে নিম্নোক্ত তারিখে, সময়ে ও শর্তাধীনে ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক সর্বসাধারণের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

সময়সূচী ঃ

পর্যায়	দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	১২/০২/২০২৪ হতে ২৮/০২/২০২৪ খ্রিঃ বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত	২৯/০২/২০২৪ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	২৯/০২/২০২৪ খ্রিঃ বেলা-২.০০ টা
২য় পর্যায়	০৩/০৩/২০২৪ হতে ১২/০৩/২০২৪ খ্রিঃ বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত	১৩/০৩/২০২৪ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	১৩/০৩/২০২৪ খ্রিঃ বেলা-২.০০ টা
৩য় পর্যায়	১৪/০৩/২০২৪ হতে ২০/০৩/২০২৪ খ্রিঃ বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত	২১/০৩/২০২৪ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	২১/০৩/২০২৪ খ্রিঃ বেলা-২.০০ টা

১৪৩১ বাংলা সনে ইজারা প্রদানযোগ্য নৌকাঘাট সমূহের তালিকা, সরকারি মূল্য ও দরপত্রের মূল্য ঃ-

নং	নৌকা ঘাটের নাম	আওতাধীন ইউনিয়নের নাম	সরকারি মূল্য	দরপত্রের মূল্য (অফেরতযোগ্য)
০১	অরুয়াইল বাজার নৌকাঘাট	অরুয়াইল	১৭৮৬.০০	৫০০.০০
০২	পানিশ্বর বাজার নৌকাঘাট	পানিশ্বর	১৭৮৬.০০	৫০০.০০

ঃ শর্তাবলী ঃ

১. দরদাতাকে উপজেলা নির্বাহী অফিসার, সরাইল এর নামে উদ্বৃত্ত মূল্যের ২৫% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।
২. সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে ডাকের অবশিষ্ট সমুদয় ও ১৫% হারে ভ্যাটের টাকা আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতের অর্থ বাজেয়াপ্ত করে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
৩. লীজ গ্রহীতা কর্তৃক ডাকের সমুদয় ও ১৫% হারে ভ্যাটের টাকা পরিশোধের পর ঘাটের দখল ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯১ এর নির্দিষ্ট ফরমে চুক্তিনামার মাধ্যমে প্রদান করা হবে।
৪. ইজারাপ্রাপ্ত নৌকা ঘাট কোন ক্রমেই সাব লীজ দেওয়া যাবে না। যদি অনুরূপ কোন কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ পরিলক্ষিত হয় তবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। এ ক্ষেত্রে অবশিষ্ট সময়ের জন্য নৌকা ঘাট পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে।
৫. নৌকা ঘাটে যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত নৌযান সরবরাহ ও উঠানামার জন্য লীজ গ্রহীতা নিজ খরচে যাবতীয় ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ করবেন।
৬. উল্লিখিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর কোনক্রমেই দরপত্র গ্রহণযোগ্য হবে না।
৭. নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।
৮. কোন রকম ঘষা মাজা, কাঁটাছেড়া, ওভাররাইটিং ও অস্পষ্ট দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৯. পূর্ববর্তী বছরের লীজের ও সরকারের অন্য কোন খাতের টাকা অপরিশোধিত থাকলে তা সম্পূর্ণ পরিশোধ করে দরপত্র দাখিল করতে হবে।
১০. ১ম তারিখে দরপত্র গ্রহণের পর অ-ইজারাকৃত নৌকাঘাটের জন্য পরবর্তী ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হবে এবং দরপত্র গ্রহণের তারিখ গুলোতে এ কার্যধারা অব্যাহত থাকবে।
১১. বছরের যে সময়েই নৌকাঘাট ইজারা হটক তা ১৪৩১ বাংলা সনের ০১ (পহেলা) বৈশাখ হতে ৩০ (ত্রিশ) চৈত্র পর্যন্ত কার্যকর বলে গণ্য হবে।
১২. দরদাতাকে খামের উপর নৌকা ঘাটের নাম উল্লেখ করতে হবে।
১৩. দরপত্র নির্ধারিত তারিখে ও সময়ে অত্রাফিস হতে নামের পার্শ্বে উল্লিখিত মূল্যে ক্রয় (অফেরতযোগ্য) করা যাবে।
১৪. কোন রকম কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন



মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নং-০৫.৪২.১২৯৪.০০৩.০০.০৩৮.২৪. ১ ৪ ৪

তারিখ : ১২/০২/২০২৪ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য

- ১। জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
- ২। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ৫। উপজেলা কর্মকর্তা, সরাইল। নোটিশ বোর্ডে প্রদর্শন ও বহুল প্রচারের জন্য
- ৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), সরাইল। বহুল প্রচারের ব্যবস্থার জন্য
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....ইউনিয়ন ভূমি অফিস। ঢোলসোহরতের মাধ্যমে হাট বাজার ও জনবহুল স্থানে বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য এবং প্রচার শেষে জারির প্রতিবেদন অত্রাফিসে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো
- ৮। জনাব....., গ্রাম..... উপজেলা-সরাইল, জেলা-ব্রাহ্মণবাড়িয়া
(..... বাংলা সনের লীজ গ্রহিতা) নৌকাঘাট, সরাইল
- ৯। নোটিশ বোর্ড।



উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া